# শারহুল আক্বীদা আত্-ত্বহাবীয়া

বিভাগ/অধ্যায়ঃ ৩০. তিনি সর্বশেষ নাবী, মুত্তাকীদের ইমাম, রসূলগণের নেতা এবং সৃষ্টিকুলের রবের হাবীব (وَأَنَّهُ خَاتَمُ الْأَنْبِيَاءِ وَإِمَامُ الْأَتْقِيَاءِ وَسَيِّدُ الْمُرْسَلِينَ وَحَبِيبُ رَبِّ الْعَالَمِينَ)

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনে আবীল ইয আল-হানাফী (রহিমাহুল্লাহ)

মুহাম্মাদ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর হাবীব

অতঃপর ইমাম ত্বহাবী রহিমাহুল্লাহ বলেন, وَحَبِيبُ رَبِّ الْعَالَمِينَ তিনি হলেন সৃষ্টিকুলের রবের হাবীব। নাবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য ভালোবাসার সর্বোচ্চ স্তর সাব্যস্ত। আর এটি হলো খুল্লাত বা একান্ত বন্ধুত্বের স্তর। যেমন নাবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে ছহীহ সূত্রে বর্ণিত হয়েছে, তিনি বলেন,

إِنَّ اللَّهَ اتَّخَذَنِي خَلِيلًا كَمَا اتَّخَذَ إِبْرَاهِيمَ خَلِيلًا

আল্লাহ তা'আলা আমাকে বন্ধু হিসাবে গ্রহণ করেছেন। যেমন তিনি বন্ধু হিসাবে গ্রহণ করেছিলেন ইবরাহীম আলাইহিস্ সালামকে''।[1] তিনি আরো বলেন,

لَوْ كُنْتُ مُتَّخِذًا مِنْ أَهْلِ الْأَرْضِ خَلِيلًا لَاتَّخَذْتُ ابْنَ أَبِي قُحَافَةَ خَلِيلًا وَلَكِنْ صَاحِبُكُمْ خَلِيلُ اللَّهِ

''আমি যদি পৃথিবীর অধিবাসীদের থেকে কাউকে বন্ধু হিসাবে গ্রহণ করতাম, তাহলে আবু বকরকেই বন্ধু হিসাবে গ্রহণ করতাম। তবে তোমাদের সাথী আল্লাহর বন্ধু''।[2]

এ হাদীছ দু'টি ছহীহ মুসলিমে রয়েছে। হাদীছ দু'টি ঐসব লোকের কথাকে বাতিল করেছে, যারা বলে বন্ধুত্বের-খুল্লাতের স্তর ইবরাহীম আলাইহিস সাল্লামের জন্য খাস এবং মুহাববতের স্তর মুহাম্মাদ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য। সুতরাং ইবরাহীম আল্লাহর খলীল এবং মুহাম্মাদ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর হাবীব।

ছহীহ মুসলিমে আরো বর্ণিত হয়েছে, إِنِّي أَبْرَأُ إِلَى كُلِّ خِلٍّ مِنْ خِلِّهِ ''আমি প্রত্যেক বন্ধুর বন্ধুত্ব পরিহার করে কেবল আল্লাহ তা'আলার বন্ধুত্ব গ্রহণ করছি''। আল্লাহর ভালোবাসা নাবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ব্যতীত অন্যদের জন্য অর্জিত হয়েছে। আল্লাহ তা'আলা বলেন,

وَاللَّهُ يُحِبُّ الْمُحْسِنِينَ

''আল্লাহ সৎলোকদের অত্যন্ত ভালোবাসেন''। (সূরা আলে-ইমরান: ১৩৪) আল্লাহ তা'আলা আরো বলেন,

بَلَىٰ مَنْ أَوْفَىٰ بِعَهْدِهِ وَاتَّقَى فَإِنَّ اللَّهَ يُحِبُّ الْمُتَّقِينَ

''যে ব্যক্তি তার অঙ্গীকার পূর্ণ করবে এবং অসৎকাজ থেকে দূরে থাকবে, সে আল্লাহর প্রিয়ভাজন হবে। নিশ্চয়ই আল্লাহ মুত্তাকীদের ভালোবাসেন''। (সূরা আলে-ইমরান: ৭৬)

আল্লাহ তা'আলা সূরা বাকারার ২২২ নং আয়াতে আরো বলেন,

إِنَّ اللَّهَ يُحِبُّ التَّوَّابِينَ وَيُحِبُّ الْمُتَطَهِّرِينَ

''যারা তাওবা করে ও পবিত্রতা অবলম্বন করে আল্লাহ তাদেরকে ভালোবাসেন''।

সুতরাং ঐ সমস্ত লোকদের কথা বাতিল প্রমাণিত হলো, যারা বলে খুল্লাত ( একান্ত বন্ধুত্ব) ইবরাহীম আলাইহিস সালামের জন্য এবং ভালোবাসা মুহাম্মাদ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য। বরং একান্ত বন্ধুত্ব ইবরাহীম খলীল আলাইহি ওয়া সাল্লাম এবং মুহাম্মাদ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উভয়ের জন্যই। আর ভালোবাসা সকল মুমিনের জন্যই। আর তিরমিযী শরীফে ইবনে আববাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে যেই হাদীছে বলা হয়েছে,

إِنَّ إِبْرَاهِيمَ خَلِيلُ اللَّهِ أَلَا وَأَنَا حَبِيبُ اللَّهِ وَلَا فَخْرَ

“ইবরাহীম আল্লাহর খলীল আর আমি আল্লাহর হাবীব। এতে আমার জন্য অহংকারের কিছুই নেই” [3]-এ হাদীছ ছহীহ সূত্রে প্রমাণিত নয়।

ফুটনোট

[1]. সহীহ মুসলিম, হাদীছ নং- ৮২৭।

[2]. সহীহ মুসলিম, হাদীছ নং- ৪৩৯৪।

[3]. যঈফ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8912

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন